দর্শনা কেরু চিনিকলের শ্রমিক ও আখ চাষীদের কর্মবিরতি

দেশের ১৫টি রাষ্ট্রায়ত্ত চিনিকলের লোকসানের বোঝা কমাতে ৬টি চিনিকল বন্ধের প্রতিবাদে দর্শনা কেরু চিনিকলের শ্রমিক-কর্মচারী ও আখ চাষীরা কর্মবিরতি ও সমাবেশ পালন করেছে।

গতকাল সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত কেরু এ্যান্ড কোম্পানীর ডিষ্ট্রিলারীর গেটের সামনে এ কর্মবিরতি ও সমাবেশ করেন।

বাংলাদেশ খাদ্যশিল্প করপোরেশন দেশের ৬টি চিনিকল বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এসব চিনিকলগুলোর মধ্যে রয়েছে কুষ্টিয়া, পাবনা, রংপুর, পঞ্চগড় শ্যামপুর ও সেতাবগঞ্জ।

চলতি আখ মাড়াই মৌসুমে চিনিকল বন্ধের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে বাংলাদেশ চিনিশিল্প করপোরেশন শ্রমিক কর্মচারী ও আখচাষী ফেডারেশনের যৌথ উদ্যোগে আন্দোলনে নেমেছে।

সোমবার সকাল ৯টা থেকে কেরু চিনিকলের শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলীর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, আখ চাষী নেতা আব্দুল বারী, শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি হাফিজুর রহমান, মনিরুল ইসলাম প্রিন্স, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন, শ্রমিক নেতা ফিরোজ আহম্মেদ সবুজ, মেম্বর বাবর আলী প্রমুখ।

বক্তারা ১৫টি চিনিকল উন্নয়ন করে চালু করার দাবী করেন। এছাড়া আগামী ৯ ডিসেম্বর স্ব-স্ব এলাকায় জেলা প্রশাসক, উপজেলা নিবার্হী বরাবর, স্মারকলিপি পেশ করার কথা জানান। আগামী ১৫ ডিসেম্বর আসন্ন মাড়াই মৌসুমে ৯টি চালু ও ৬টি মিল বন্ধের আত্মঘাতী সিন্ধান্ত বাতিল ও প্রত্যাহারের দাবী জানিয়ে বলেন, অন্যথায় সকল মিল বন্ধ, রেলপথ, সড়কপথ অবরোধসহ নানা কর্মসূচি গ্রহণ করা হবে বলে বক্তারা জানান।

[redacted]

[redacted] (2) [redacted]

[redacted]

[redacted]

[

উপর হামলা

দামুড়হুদা প্রেস ক্লাবের নবনির্বাচিত যুগ্ন-সম্পাদক হাবিবুর রহমান হাবি’র উপর পরিকল্পিত হামলায় সাংবাদিক মহল ক্ষোভ প্রকাশ করেছেন।

জানা গেছে, গত শনিবার রাত ৭ টার সময় কার্পাসডাঙ্গা ব্রীজ মোড় বাজারে এ ঘটনা ঘটে। দামুড়হুদা প্রেস ক্লাবের নবনির্বাচিত নেতৃবৃন্দ প্রেস ক্লাবের সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাৎ করতে যায়। এসময় প্রেস ক্লাবের যুগ্ন-সম্পাদক হাবিবুর রহমান হাবি ও স্থানীয় দৈনিক পত্রিকার সাংবাদিক শরীফ রতন দুজনে ব্রীজ মোড় বাজারে সিদ্ধ ছোলা খাচ্ছিলো।

সে সময় কার্পাসডাঙ্গার কোমরপুর গ্রামের বিল্লাল হোসেনের ছেলে বখতিয়ার রহমান বকুল ও তার চাচাতো ভাই সুকলালের ছেলে সোহাগ হঠাৎ হাবি কে পিছন থেকে কাঠের বাটামসহ দেশীয় অস্ত্র দিয়ে এলোপাতাড়ি মারপির করে।

এসময় হাবি তাদের মারপিটে মারাত্বক জখম হয়ে মাটিতে লুটিয়ে পড়ে, এসময় প্রেস ক্লাবের নেতৃবৃন্দ আহত হাবিকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

এ ঘটনায় দামুড়হুদা প্রেস ক্লাবের যুগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবি ঐ রাতেই দামুড়হুদা উপজেলার অন্তর্ভূক্ত কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের বিল্লালের ছেলে বখতিয়ার রহমান বকুল ও সুকলালের ছেলে সোহাগের নাম উল্লেখ করে অঙ্গাত ৪/৫ জনের নামে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ করেন।

আলমডাঙ্গার নতিডাঙ্গায় সাপের খেলা অনুষ্ঠিত

চিরায়ত বাংলার ঐতিয্যবাহী সাপের খেলা দেখতে শত শত নারী-পুরুষ ভীড়

জমায় আলমডাঙ্গার নতিডাঙ্গায়। গতকাল নতিডাঙ্গা যুবসমাজের উদ্যোগে বাড়াদী ইউনিয়নের নতিডাঙ্গা কপাটি ব্রিজপাড়ায় উক্ত সাপের খেলা অনুষ্ঠিত হয়।

দিনব্যাপী এই খেলায় ১৬ টি সাপুড়িয়া দল অংশ গ্রহণ করে। আগের দিন থেকেই দেশের বিভিন্ন অঞ্চল থেকে দলগুলি নিজেদের শক্তিশালি ও বড় বড় গোখরো সাপ নিয়ে এলাকায় হাজির হয়।

খেলার নিয়ম অনুযায়ী যে দলের সাপ সবচেয়ে বেশি সময় মঞ্চে ফণা তুলে দাঁড়িয়ে থাকতে পারবে তারা হবে চ্যাম্পিয়ন, এবং পুরস্কার পাবে একটি বড় খাশি ছাগল, রানার্সআপ দল পাবে একটি ভেড়া।

সেই অনুযায়ী ঝিনাইদহের সোহেল হোসেনের দলের সাপ টেবিলে ৩৬ মিনিট ফণা তুলে অবস্থান করে ১ম পুরস্কার জিতে নেয়। ২য় পুরস্কার পায় শৈলকুপার শহিদুলের দল। তার সাপ ফণা তুলে ছিলো ২৩ মিনিট।

খেলা শেষে উভয় দলের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি ইউপি চেয়ারম্যান মাসুদ পারভেজ ও আগামী ইউপি নির্বাচনে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ইউনিয়ন আওয়ামী লীগের সংগঠনিক সম্পাদক আশাবুল হক সম্রাট।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল হক লাল্টু। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন আওয়ামী লীগ নেতা শাহানুর। খেলা পরিচালনা করেন মাহাবুল হোসেন, আমজাদ আলী, ফকিরচাঁদ, বাবুর আলী ও জব্বার আলী।

দর্শনার নেহালপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে মনোনয়ন প্রত্যাশী সাইফুল আজম

চুয়াডাঙ্গা জেলার দর্শনার নেহালপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আ.লীগের মনোনয়ন প্রত্যাশী সাইফুল আজম মিন্টু মোটরসাইকেল শোডাউন করেছে। আসন্ন নেহালপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে

রেখে চেয়ারম্যান পদে আ.লীগের মনোনয়ন প্রত্যাশী হিজলগাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি সাইফুল আজম মিন্টু।

গতকাল বিকাল তিনটায় হিজলগাড়ী মাধ্যমিক বিদ্যালয় মাঠ থেকে বের হয়ে নেহালপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে প্রদক্ষিণ করে নিজ বাসার সামনে গিয়ে শেষ হয়।

মোটরসাইকেল শোডাউন র্যালীতে উপস্থিত ছিলেন নেহালপুর ইউনিয়ন আ.লীগের আহবায়ক মুবারক হোসেন, মীর মফিজ, মীর রাজিব, নুহু নবী, ডা: কামাল হোসেন, পিনা, বক্কর, মিলটন, সিমুলসহ অনেকে।

আলমডাঙ্গায় ইট ভাটায় বোমা হামলা

আলমডাঙ্গার কুমারী গ্রামের এন আর বি ব্রিকসে চাঁদার দাবিতে বোমা হামলা চালিয়েছে দুবৃত্তরা। গত শুক্রবার ৪টি বোমা হামলা করলে ৩টি বোমা বিকট শব্দে বিস্ফোরিত হয়। অপরটি অবিস্ফোরিত অবস্থায় ইটভাটা থেকে পুলিশ উদ্ধার করেছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নে এন আর বি ব্রিকসে গত শুক্রবার দিনগত রাত ১টার দিকে পর পর ৩টি বোমার বিস্ফোরণ ঘটে। বোমা বিস্ফোরণের বিকট শব্দে কেঁপে উঠে ইট ভাটা। ভীত সন্ত্রস্ত হয়ে পড়েন শ্রমিকরা। সকালে উঠে আরেকটি অবিস্ফোরিত বোমা পড়ে থাকতে দেখতে পান তারা। পরে পুলিশ অবিস্ফোরিত বোমাটিসহ বিস্ফোরিত বোমা ৩টির নমুনা সংগ্রহ করে।

এন আর বি ব্রিকস’র মালিক আবু মুসা হক জানান, বেশ কয়েক মাস ধরে অজ্ঞাত ব্যক্তি তার মোবাইলফোনে রিং দিয়ে চাঁদা দাবি করে আসছিল। এরই এক পর্যায়ে চাঁদাবাজরা উপর্যুপরি এ বোমা বিস্ফোরণের ঘটনা ঘটায়।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর জানান, ঘটনাস্থল থেকে উদ্ধারকৃত অবিস্ফোরিত একটি ককটেল ও বিস্ফোরিত ককটেলের

নমুনা সংগ্রহ করা হয়েছে। চাঁদার দাবিতে চাঁদাবাজচক্র এ ঘটনা ঘটিয়েছে। চাঁদাবাজদের চিহ্নিত করে গ্রেফতারের জোর প্রচেষ্টা চালানো হচ্ছে।

আলমডাঙ্গায় উপজেলা চেয়ারম্যানের কম্বল বিতরণ

গতকাল শনিবার সন্ধ্যায় আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান গরিব মানুষদের মাঝে কম্বল বিতরণ করেছেন।

জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ, নাগদাহ ইউনিয়নের জোরগাছা ও আইলহাঁস ইউনিয়নের খাসবাগুন্দা ও লক্ষীপুর গ্রামের শীতার্ত মানুষের মাঝে তিনি এ কম্বল বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন আতিকুর রহমান, মানিকসহ অন্যান্য ব্যক্তিবর্গর।

আলমডাঙ্গায় ব্যবসায়ীসহ দুই জনকে জরিমানা

আলমডাঙ্গা জেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট এর অভিযানে হোটেল ব্যবসায়ী ও মোটরসাইকেল আরোহীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার বিকাল ৫টার দিকে পৌর এলাকার আনন্দধাম ব্রিজের নিকট এ অভিযান পরিচালনা করেন।

এ সময় হোটেল ব্যবসায়ী সিরাজুল ইসলামকে ৫শত টাকা ও মোটরসাইকেল

আরোহী বিপুলকে ২শত টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালতে উপস্থিত ছিলেন জেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট জান্নাতুল ফেরদৌস, নির্বাহী ম্যাজিষ্ট্রেট ফিরোজ হোসেন ও আলমডাঙ্গা থানার এএসআই আব্দুল হালিম সঙ্গীয় ফোর্সসহ উপস্থি ছিলেন।

আলমডাঙ্গায় হাসান কাদির গনু’র গণসংযোগ

আসন্ন আলমডাঙ্গা পৌর নির্বাচন উপলক্ষে উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু পথসভা ও নির্বাচনী গণসংযোগ করেছে।

গতকাল শনিবার সন্ধ্যা ৭টার দিকে পৌর এলাকার কলেজপাড়ায় এ নির্বাচনী পথ সভা ও গণসংযোগ করেন।

নির্বাচনী গণসংযোগে পৌর মেয়র হাসান কাদির গনু বলেন, চলমান করোনা ভাইরাসের কারণে আলমডাঙ্গা পৌর এলাকার উন্নয়নে বাধা সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে পৌর এলাকার বিভিন্ন রাস্তার কাজ শেষ হলেও অনেক রাস্তা নির্মাণের অপেক্ষায় আছে। দ্রুতই শুরু হচ্ছে এসব রাস্তা নির্মাণের কাজ।

পৌর এলাকায় জলাবদ্ধতা নিরাসনের জন্য গুরুত্ব দেওয়া হয়েছে ড্রেন নির্মাণে সেটির কাজও চলমান রয়েছে। তিনি জনগণের উদ্দেশ্যে আরও বলেন, আমাকে আবারো ভোট দিয়ে নির্বাচিত করুন। আলমডঙ্গা পৌর শহরকে একটি আধুনিক পৌর নগরী হিসেবে আপনাদের উপহার দিবো।

নির্বাচনী পথ সভায় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক মিডিল, সেলিম, মাসুম, রমজান, মুন্নি, বাপ্পি, শুভ, চমক, পাপ্পু, সিফাত, উৎস, মেহেদী, তারিক, সবুজ, সুমন, সিহাব, সাকিব, মানিক, আশিক, সোহেল প্রমুখ।

জীবননগরে ২ কেজি গাঁজাসহ দুই জন আটক

জীবননগরে ২ কেজি গাঁজাসহ দুই জনকে আটক করা হয়েছে।

গতকাল শনিবার দুপুরে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার একটি টিম জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের মোক্তারপুর গ্রামের আলেকের বাড়িতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ২ কেজি গাঁজা, গাঁজা বিক্রির নগদ ১৮হাজার টাকাসহ গাঁজা ব্যবসায়ী মাধবখালী গ্রামের মৃত বাকের আলীর ছেলে মোহাম্মদ রহমান (৪৮) এবং মোক্তারপুর গ্রামের আক্কেল আলীর স্ত্রী খদেজা খাতুনকে (৪৫) আটক করে ।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।